দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা
ডকুমেণ্টেশন কেন্দ্র

তারিখ 08 JAN 1989
পৃষ্ঠা 3 কলাম 1

## শিক্ষা ব্যবস্থা উন্নয়নে বেসরকারী উদ্যোগ জোরদার করার আহ্বান

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষা ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে সরকারের পাশাপাশি বেসরকারী উদ্যোগ জোরদার করার জন্য জনপ্রতিনিধি ও সমাজসেবীদের প্রতি আহ্বান জানাইয়াছেন।

তিনি গত শুক্রবার কক্সবাজার জেলার টেকনাফে জনপ্রতিনিধি এবং শিক্ষাবিদদের এক সমাবেশে ভাষণ দিতেছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রেসিডেন্ট এরশাদের নেতৃত্বে পরিচালিত বর্তমান সরকার শিক্ষা ব্যবস্থা উন্নয়নের জন্য ঐকান্তিক প্রয়াস চালাইয়া

(৪র্থ পৃঃ দ্রঃ)

## শিক্ষা ব্যবস্থার উন্নয়নে

(৩য় পৃঃ পর)

যাইতেছে এবং এ বছর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়নে ৩১৯ কোটি টাকা বরাদ্দ রাখা হইয়াছে।

মন্ত্রী সরকারী এ উদ্যোগের কথা উল্লেখ করিয়া বলেন, কেবল সরকারী প্রচেষ্টা এক্ষেত্রে যথেষ্ট নয়। তিনি বেসরকারী উদ্যোগ আরো জোরদার করার আহ্বান জানান।

শেখ শহীদ বলেন, কেবল সরকারী অনুদানের উপর নির্ভরশীল থাকিলে ইপ্সিত ফল লাভ করা যাইবে না এবং জাতিকে নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্ত করা সম্ভব হইবে না।

সমাবেশে স্থানীয় সংসদ সদস্য শাহজাহান চৌধুরীও উপস্থিত ছিলেন। —তথ্য বিবরণী।